

## **Instruction for the Students**

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। ভয়াল করোনা ভাইরাসের ছোবলে পৃথিবী আজ কম্পমান। প্রাকৃতিক এ ভয়াল দুর্যোগে সমস্ত জাতির মানুষ আজ চরম উৎকর্ষায় কিংকর্তব্যবিমুছ। প্রার্থনা, মোনাজাত, দোয়া ও বিভিন্ন সামাজিক ধর্মীয় রীতিতে মানুষ আজ সৃষ্টিকর্তাকে স্মরণ করে চলেছে। সেন্ট প্লাসিডস্ পরিবারও একই অনুভূতিতে জাতি ও বিশ্ববাসীর সাথে একাত্ম। সৃষ্টিকর্তা যেন করোনা ভাইরাসের হাত থেকে বিশ্ববাসীকে রক্ষা করেন এ প্রার্থনা করি। ভয়াল দুর্যোগেও মানুষকে এগিয়ে চলতে হয় কারণ জীবন যে কখনো থেমে থাকে না।

বাংলাদেশ প্রশাসন যে নির্দেশনা দিয়েছেন কিভাবে চলতে হবে তাছাড়া আমরাও প্রাতিষ্ঠানিকভাবে যে নির্দেশনা দিয়েছি তা অবশ্যই পালন করতে হবে। ঘরে থাকতে হবে এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের জরুরী নির্দেশনা কঠোরভাবে পালন করতে হবে।

শিক্ষামন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের মতো আমরাও প্রত্যেক জন হোম কোয়েরিন্টাইনে রয়েছি। শিক্ষামন্ত্রণালয় যখনই নতুন সিদ্ধান্ত দিবেন সেই মোতাবেক আমরা অগ্রসর হতে পারবো।

বাংলাদেশ সরকার শিক্ষার্থীদের সার্বিক কল্যাণের কথা চিন্তা করে ‘সংসদ টিভিতে’ রচিত আকারে প্রাত্যহিক পাঠ্যপুস্তকের উপর অনুশীলনী অনুযায়ী ক্লাশ দিয়ে যাচ্ছে। তাছাড়াও তোমাদের মধ্যে যদি কেউ কোন পাঠ অনুস্মরণ করতে না পারো তবে উক্ত ক্লাশের ভিত্তিও ‘কিশোর বাতায়নে’

( [www.konnect.edu.bd](http://www.konnect.edu.bd) ) পেয়ে যাবে। অনুরোধ করছি সকল শিক্ষার্থী ও অভিভাবকগণ তা অবশ্যই যথাযথ ভাবে অনুসরণ ও পালন করবেন। কোন শিক্ষার্থী যেন এ সুযোগ অবহেলায় না হারায়।

প্রথম সাময়িক পরীক্ষা হবার সম্ভাবনা আর নেই। তাই সিলেবাস অনুযায়ী দ্বিতীয় সাময়িক পরীক্ষার পড়া আরম্ভ করে দিতে হবে।

১ম থেকে ১১শ শ্রেণির সকল শিক্ষার্থীদের বলতে চাই তোমরা স্কুলের ওয়েব সাইট ফলো করে ঘরে বসেই নিজে নিজে পরীক্ষা দাও এবং নিজেদের যোগ্যতা যাচাই করে নাও। তোমাদের অভিভাবকগণ তোমাদের হাতে প্রথম সাময়িক পরীক্ষার প্রশ্ন পত্র যোগান দিবেন। বিশেষভাবে ৫ম, ৮ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীদের বলতে চাই কিছু দিন পরেই তোমরা পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে যাচ্ছ। তাই কোন অবহেলা করার সুযোগ নেই। তোমাদেরকে অবশ্যই ভালো করতে হবে এবং তোমরা ভালো করতে পারবে বলে আমার বিশ্বাস।

দ্বিতীয় সাময়িক পরীক্ষার পড়া পড়তে গিয়ে অসুবিধায় পড়লে বিষয় শিক্ষকদের ফোন করে প্রয়োজনীয় সহযোগিতা নিতে হবে। বিষয় শিক্ষকদের সে নির্দেশনা দেয়া আছে। তারা তোমাদের লেখাপড়া ভিত্তিক সকলপ্রকার সহযোগিতা করতে প্রস্তুত। প্রতিষ্ঠানের ওয়েব সাইটে সকল শিক্ষকদের মুঠোফোন নাম্বার দেয়া থাকবে।

তোমাদের সার্বিক সহযোগিতার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

**ধন্যবাদাত্মে**

**অধ্যক্ষ**

ত্রাদার সুব্রত লিও রোজারিও সি.এস. সি